

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৬. যে ব্যক্তি একই অযুতে কয়েক ওয়াক্তের সালাত আদায় করে তার বর্ণনা

باب الرَّجُلِ يُصلِّي الصَّلَوَاتِ بِوُضُوءٍ وَاحِدٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، حَدَّثَنَا شَرِيكُ، عَنْ عَمْرِو بْنِ عَامِرٍ الْبَجَلِيّ، _ قَالَ مُحَمَّدٌ هُوَ أَبُو أَسَدِ بْنِ عَمْرٍو _ قَالَ سَأَلْتُ أَنَسَ بْنَ مَالِكٍ عَنِ الْوُضُوءِ، فَقَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ لِكُلِّ صَلَاةٍ وَكُنَّا نُصَلِّي الصَّلُوَاتِ بِوُضُوءٍ وَاحِدٍ .

_ صحیح : خ

বাংলা

১৭১। 'আমর ইবনু 'আমির আল-বাজালী সূত্রে বর্ণিত। বর্ণনাকারী মুহাম্মাদ বলেন, তিনি হলেন আবূ আসাদ ইবনু 'আমর। তিনি বলেন, একদা আমি আনাস ইবনু মালিক (রাঃ)-কে অযু সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক সালাতের জন্যই (নতুনভাবে) অযু করতেন। আর আমরা এক অযুতেই একাধিকবার সালাত আদায় করতাম।[1]

সহীহ: বুখারী।

English

Abu Asad b. 'Amr said:

I asked Anas b. Malik about ablution. He replied: The Prophet (ﷺ) performed ablution for each prayer and we offered (many) prayers with the same ablution.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, অনুঃ হাদাস ব্যতীত উযু করা, হাঃ ২১৪), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ প্রত্যেক



সালাতের জন্য উযু করা, হাঃ ৬০, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ প্রত্যেক সালাতের জন্য উযু করা, হাঃ ১৩১) ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা অনুঃ প্রত্যেক সালাতের জন্য উযু, হাঃ ৫০৯), আহমাদ (৩/১৩২), সকলেই 'আমর ইবনু আমির সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু আমির (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন